অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 11/10/2021 **গভর্নর ক্যাথি হোকল**

ডাউনটাউন পুনরুজ্জীবিতকরণ উদ্যোগের পঞ্চম রাউন্ডে নিউ ইয়র্ক সিটির বিজয়ী অঞ্চল হিসেবে চায়নাটাউন 20 মিলিয়ন ডলার অর্জন করছে বলে গভর্নর হোকলের ঘোষণা

চায়নাটাউনকে পুনরুজ্জীবিত করতে অধিবাসী, কমিউনিটি নেতৃবৃন্দ ও সরকারি কর্মকর্তাদের সাথে স্টেট একসঙ্গে কাজ করবে

ডাউনটাউন পুনরুজ্জীবিতকরণের এসব বিনিয়োগ কমিউনিটিগুলোকে পুনরুজ্জীবিত করার এবং অর্থনীতিকে সমৃদ্ধ করার জন্য স্টেটের সমন্বিত পরিকল্পনার একটি গুরুত্বপূর্ণ অংশ

গভর্নর ক্যাথি হোকল আজ ঘোষণা করেছেন যে ডাউনটাউন পুনরুজ্জীবিতকরণ উদ্যোগের (Downtown Revitalization Initiative, DRI) পঞ্চম রাউন্ডে নিউ ইয়র্ক সিটির বিজয়ী অঞ্চল হিসেবে চায়নাটাউন 20 মিলিয়ন ডলারের তহবিল লাভ করবে। DRI রাউন্ড 5-এর অংশ হিসেবে, স্টেটের 10টি আঞ্চলিক অর্থনৈতিক উন্নয়ন অঞ্চলের প্রতিটি 20 মিলিয়ন ডলারের তহবিল পেতে যাচ্ছে, যা ডাউনটাউনগুলোকে প্রাণবন্ত অঞ্চলে রূপান্তর করার মাধ্যমে কোভিড-19 পরবর্তী সময়ে কমিউনিটিগুলোকে তাদের অর্থনীতি শক্তিশালী করতে সাহায্য করার উদ্দেশ্যে স্টেটের তরফ থেকে বরাদ্দকৃত ও বিনিয়োগকৃত মোট 200 মিলিয়ন ডলারের তহবিলের অংশ।

"চায়নাটাউন শুধু নিউ ইয়র্কবাসীদের জন্যই নয়, বরং সমগ্র বিশ্বের জন্য সাংস্কৃতিক প্রাচুর্য ও বৈচিত্র্যের ক্ষেত্রে আশার প্রদীপ হিসেবে ভূমিকা পালন করছে," **বলেছেন গভর্নর হোকল।** "এই অনুদানের মধ্য দিয়ে চায়নাটাউন আরো উজ্জ্বল উৎকর্ষ অর্জন করবে এবং একটি প্রাণবন্ত কমিউনিটি এবং আন্তর্জাতিক শিল্প ও সংস্কৃতির গন্তব্যস্থল হিসেবে এর পূর্ণ সম্ভাবনায় পৌঁছাবে। এটির মতো কৌশলগত সরকারি বিনিয়োগগুলো পুনরুজ্জীবিতকরণের একটি উর্ধ্বগামী চক্রের সূচনা করে যা কমিউনিটির মর্যাদা বৃদ্ধি করা, ইতিবাচক সাড়া তৈরি করা এবং বেসরকারি খাতের বিনিয়োগ আকৃষ্ট করার মাধ্যমে নিজস্ব একটি জীবনের সূচনা করে।"

লেফটেনেন্ট গভর্নর ব্রায়ান বেঞ্জামিন বলেন, "চায়নাটাউন এখন এই উদ্ভাবনমূলক ও দেশের-নেতৃস্থানীয় কর্মসূচির মাধ্যমে স্টেটব্যাপী নিজেদের ডাউনটাউনকে রূপান্তরকারী কমিউনিটিগুলোর একটি ক্রমবর্ধমান তালিকায় যোগ হচ্ছে। এই অনুদান এই গুরুত্বপূর্ণ কমিউনিটির সমতাপূর্ণ পুনরুদ্ধার নিশ্চিত করতে সাহায্য করবে, এবং নিউ ইয়র্ক স্টেট ব্যাপী

বিস্তার ও সমৃদ্ধি লাভ করতে থাকা ডাউনটাউনের পুনঃউন্নয়নের পুনর্জাগরণ আরো জোরদার করবে।"

DRI ডাউনটাউনের আশেপাশের অঞ্চলগুলোকে উচ্চ মানের জীবন যাপনের সুযোগ প্রদান করে এবং পুনঃউন্নয়ন, ব্যবসা, কর্মসংস্থান, ও অর্থনৈতিক ও আবাসনের বৈচিত্র্যকে আকৃষ্ট করে এমন একটি প্রাণবন্ত ক্রিয়াকলাপের কেন্দ্রস্থলে রূপান্তর করার মাধ্যমে স্টেটের অর্থনৈতিক উন্নয়নের নীতিমালার একটি ভিত্তি হিসেবে কাজ করছে। এই রাউন্ডে গভর্নর হোকল অনুদানের পরিমাণ 100 মিলিয়ন ডলার থেকে দ্বিগুণ পরিমাণে উন্নীত করে 200 মিলিয়ন ডলার করেছেন এবং প্রতিটি আঞ্চলিক অর্থনৈতিক উন্নয়ন কাউন্সিলকে (Regional Economic Development Council) রূপান্তরমূলক ও অনুঘটক ডাউনটাউন পুনঃউন্নয়ন প্রকল্পের জন্য 10 মিলিয়ন ডলার করে দুই জন অনুদান গ্রহীতাকে নাকি 20 মিলিয়ন ডলারের জন্য একজন অনুদান গ্রহীতাকে মনোনয়ন প্রদান করবেন সে সিদ্ধান্ত গ্রহণের সুযোগ দিয়েছেন। অতীতের DRI রাউন্ডগুলোর মতোই, প্রতিটি নির্বাচিত কমিউনিটি ডাউনটাউন পুনরুজ্জীবিত করার একটি ভিশন সুস্পষ্টভাবে উল্লেখ করে এবং ডাউনটাউনকে রূপান্তর করার এবং আরো বেশি বেসরকারি ও সরকারি বিনিয়োগকে কাজে লাগানোর সম্ভাবনা রয়েছে এমন কিছু স্বকীয় প্রকল্প শনাক্ত করে এমন একটি বটম-আপ কমিউনিটি-ভিত্তিক পরিকল্পনা প্রক্রিয়ার মাধ্যমে একটি কৌশলগত পরিকল্পনা প্রণয়ন করবে। এসব DRI তহবিল তখন পুনরুজ্জীবিতকরণকে দ্রুত শুরু করার এবং ডাউনটাউনের জন্য কমিউনিটির ভিশনকে বাস্তবে রূপ দেয়ার সবচেয়ে বেশি সম্ভাবনা রয়েছে এমন নির্বাচিত প্রকল্পগুলোকে প্রদান করা হবে।

চায়নাটাউন

আশেপাশের অঞ্চলকে একটি প্রাণবন্ত ডাউনটাউন এলাকা হিসেবে সংরক্ষণ করা ও ফিরিয়ে আনার উদ্দেশ্যে একটি সাংস্কৃতিক গন্তব্য হিসেবে এটির ইতিহাস বজায় রাখতে চায়নাটাউন এই 20 মিলিয়ন ডলারের DRI অনুদান ব্যবহার করবে। চায়নাটাউন ইতোমধ্যে বেশ কিছু চলমান ও পরিকল্পিত প্রকল্প শুরু করেছে যা অধিকতর পুনরুজ্জীবিতকরণের উদ্দীপনা ও গতিশীলতা তৈরি করেছে, যেসব প্রকল্পের মধ্যে কিমলাউ মেমোরিয়াল মনুমেন্ট (Kimlau Memorial Monument) সংস্কার, একাধিক সাশ্রয়ী ও বয়স্কদের আবাসন প্রকল্প, এবং NYCHA-এর সম্পত্তিগুলোতে একাধিক টেকসই প্রকল্প অন্তর্ভুক্ত রয়েছে। চায়নাটাউনের DRI একটি শিল্প ও সংস্কৃতি বিষয়ক অর্থনৈতিক ইঞ্জিন গড়ে তোলা, পর্যটক ও আঞ্চলিক দর্শনার্থীদের আকৃষ্ট করা, NY মেট্রো এলাকায় বসবাসরত 1.2 মিলিয়ন এশীয় আমেরিকান প্রশান্ত মহাসাগরীয় দ্বীপপুঞ্জের অধিবাসীদের জন্য একটি সাংস্কৃতিক ঠিকানা হিসেবে অঞ্চলটির দৃঢ় অবস্থান তৈরি করা, এবং অঞ্চলটিতে জীবনযাপনের মান উন্নত করা, ইত্যাদি লক্ষ্য অর্জনের উদ্দেশ্যে, নতুন শিল্প ও সংস্কৃতি সম্পর্কিত স্থান তৈরি, সংযোগের অবস্থা উন্নত করা, আবাসন বৃদ্ধি, ও সবুজ জায়গা সম্প্রসারণ করার মাধ্যমে এই অগ্রগতির ধারাবাহিকতা বজায় রাখবে।

নিউ ইয়র্ক সিটির আঞ্চলিক অর্থনৈতিক উন্নয়ন কাউন্সিল এই অঞ্চলের কমিউনিটিগুলোর জমা দেয়া প্রস্তাবগুলোর একটি পুঙ্খানুপুঙ্খ ও প্রতিযোগিতামূলক পর্যালোচনা প্রক্রিয়া সম্পন্ন করেছে এবং চায়নাটাউনকে বিজয়ী হিসেবে সুপারিশ করার আগে নিচের সাতটি শর্তের সবগুলো বিবেচনা করেছে:

- ডাউনটাউনটি সুনির্দিষ্ট পরিসীমা-বিশিষ্ট ও নিবিড়ভাবে বিন্যস্ত হতে হবে;
- ডাউনটাউনটি পূর্বের বা ভবিষ্যতের বেসরকারি ও সরকারি বিনিয়োগকে সে অঞ্চলে ও তার আশেপাশের অঞ্চলে কাজে লাগাতে সক্ষম;
- ডাউনটাউনের মধ্যে, অথবা ডাউনটাউনের নিকটবর্তী এলাকায় কর্মসংস্থানের সাম্প্রতিক বা আসন্ন বৃদ্ধি ঘটার সুযোগ থাকতে হবে, যা কর্মীদেরকে ডাউনটাউনে আকৃষ্ট করতে পারবে, পুনঃউন্নয়নে সহায়তা করবে এবং টেকসই সমৃদ্ধি বয়ে আনবে;
- ডাউনটাউনটি অবশ্যই সব বয়স, আয়, লিঙ্গ, পরিচয়, সক্ষমতা, গতিশীলতা ও সাংস্কৃতিক পটভূমির লোকজনের জন্য একটি আকর্ষণীয় ও প্রাণবন্ত কমিউনিটি হতে হবে;
- মিউনিসিপ্যালিটি ইতোমধ্যে স্থানীয় ভূমি ব্যাংক, আধুনিক জোনিং কোড ও পার্কিং সংক্রান্ত মানদণ্ড ব্যবহার করা, সড়কের পরিকল্পনা, জ্বালানি সাশ্রয়ী প্রকল্প, সবুজ কর্মসংস্থান, ও ট্রানজিট-অভিমুখী উন্নয়ন সম্পন্ন করা সহ, জীবন যাপনের সক্ষমতা ও গুণমান বৃদ্ধি করে এমন নীতিমালা তৈরি ও বাস্তবায়ন করে থাকতে হবে অথবা তা করার সক্ষমতা থাকতে হবে;
- মিউনিসিপ্যালিটি ডাউনটাউনের পুনরুজ্জীবিতকরণের একটি ভিশন এবং DRI কৌশলগত বিনিয়োগ পরিকল্পনায় অন্তর্ভুক্ত করা যেতে পারে এমন প্রকল্প ও উদ্যোগগুলোর একটি প্রাথমিক তালিকা পাওয়া যায় এমন একটি উন্মুক্ত ও শক্তিশালী কমিউনিটির সম্পৃক্ততা প্রক্রিয়া পরিচালনা করে থাকতে হবে;
- মিউনিসিপ্যালিটির DRI প্রক্রিয়ার ব্যবস্থাপনার জন্য স্থানীয় সক্ষমতা থাকতে হবে; এবং
- মিউনিসিপ্যালিটি এমন রূপান্তরমূলক প্রকল্পগুলোকে শনাক্ত করেছে যেগুলো DRI তহবিল পেলেই নিকটবর্তী-মেয়াদে বাস্তবায়নের জন্য প্রস্তুত হয়ে যাবে।

চায়নাটাউনের DRI এর পঞ্চম রাউন্ডে বিজয়ী হওয়া এই সিটিকে এর ডাউনটাউনের এলাকাগুলো পুনরুজ্জীবিতকরণ এবং দীর্ঘমেয়াদী সমৃদ্ধির জন্য নতুন সুযোগ তৈরির উদ্দেশ্যে 20 মিলিয়ন ডলারের স্টেট তহবিল ও বিনিয়োগ পাওয়ার অধীকারী করেছে। চায়নাটাউন এখন জ্যামাইকা, ব্রঙ্কস, ডাউনটাউন ব্রুকলিন ও স্ট্যাটেন আইল্যান্ডের সাথে যোগ হচ্ছে যারা যথাক্রমে নিউ ইয়র্ক সিটি অঞ্চলের প্রথম চারটি DRI রাউন্ডে বিজয়ী হয়েছিল।

এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট এর চিফ অপারেটিং অফিসার এবং এক্সিকিউটিভ ডেপুটি কমিশনার কেভিন ইউনিস বলেন, "স্টেটের অর্থনৈতিক উন্নয়ন কৌশলে ডাউনটাউন এলাকাগুলোকে পুনরায় সজীব করে তোলা ও রূপান্তরের জন্য নকশাকৃত টার্গেটকৃত বিনিয়োগ অত্যন্ত গুরুত্বপূর্ণ একটি বিষয়। 20 মিলিয়ন ডলারের ডাউনটাউন পুনরুজ্জীবিতকরণ উদ্যোগ অনুদানটি চায়নাটাউনে পুনঃউন্নয়ন প্রকল্পগুলোর গতিবৃদ্ধি করবে যা ব্যবসায়িক সমৃদ্ধিকে উৎসাহিত করবে, পর্যটনের প্রসার ঘটাবে, কর্মসংস্থান তৈরি করবে, এবং অঞ্চলটির অর্থনৈতিক স্থিতিশীলতা জোরদার করবে।"

সেক্রেটারি অব স্টেট রোজানা রোসেডো বলেন, "চায়নাটাউন বিশ্বের বিভিন্ন প্রান্তের দর্শনার্থীদের জন্য একটি সাংস্কৃতিক গন্তব্যস্থল। ডাউনটাউন পুনরুজ্জীবিতকরণ উদ্যোগের মাধ্যমে এই মাইলফলকস্বরূপ বিনিয়োগের মধ্য দিয়ে, চায়নাটাউন এর ইতোমধ্যে বিদ্যমান গতিময় শিল্প ও সংস্কৃতির দিকগুলোকে এগিয়ে নিবে, নতুন আবাসন সুবিধা তৈরি করবে এবং চায়নাটাউনে বসবাসকারী লোকজনের মধ্যে একই কমিউনিটির অংশ হওয়ার একটি জোরালো অনুভূতি লালন করবে।"

নিউ ইয়র্ক স্টেট হোমস এন্ড কমিউনিটি রিনিউয়াল (Homes and Community Renewal)-এর কমিশনার রুথ অ্যান ভিসনাউকাস বলেন, "চায়নাটাউন এর অনন্য পরিচয় ধরে রাখতে অনেক বেশি কঠোরভাবে ও অনেক বেশি সফলতার সঙ্গে লড়াই করেছে, এবং 20 মিলিয়ন ডলারের এই বিনিয়োগ এই আইকনিক ও প্রাণবন্ত এলাকাকে সাংস্কৃতিক দিক থেকে আরো বেশি সমৃদ্ধ করবে এবং অর্থনৈতিকভাবে শক্তিশালী করবে। এটি চায়নাটাউনের জন্য এবং একটি এলাকা ও ঠিকানা হিসেবে, এবং একটি বিশুদ্ধ, উদ্দীপনাপূর্ণ কমিউনিটি হিসেবে, এটিকে মূল্য দেয়া ও সেখানে নিজেদের জীবিকা অর্জন করা লোকজনের জন্য একটি চমৎকার দিন। কোভিড মহামারী থেকে আমাদের সেরে উঠতে শুরু করার এই সময়ে গভর্নর হোকলের নেতৃত্ব আঞ্চলিক অর্থনৈতিক উন্নয়ন কাউন্সিলের তহবিল দ্বিগুণ করা এবং স্টেট ব্যাপী এলাকাগুলোতে এটির তাৎক্ষণিক ও রূপান্তরমূলক প্রভাব বিস্তার করা নিশ্চিত করার মাধ্যমে এটিকে পরবর্তী পর্যায়ে নিয়ে গেছে।"

রিপ্রেজেন্টেটিভ নিডিয়া ভেলাজকুয়েজ বলেন, "কংগ্রেসে ম্যানহাটনের লোয়ার ইস্ট অংশ ও চায়নাটাউনের বড় একটি অংশের প্রতিনিধিত্ব করতে পেরে আমি অত্যন্ত গর্বিত, এবং আমি জানি স্টেটের তরফ থেকে আসা এই তহবিল চায়নাটাউনকে এটি সারা বিশ্বজুড়ে যেটির জন্য পরিচিত সেই প্রাণবন্ত, সাংস্কৃতিক কমিউনিটি হিসেবে ধরে রাখতে সুদূর প্রসারী ভূমিকা পালন করবে। সবুজ জায়গাগুলোর প্রসার ঘটানো থেকে শুরু করে, আবাসন, পরিবহন, ও অন্যান্য গুরুত্বপূর্ণ কমিউনিটি প্রকল্পগুলোর ক্ষেত্রে, এই অনুদান চায়নাটাউনকে স্থানীয় ও দর্শনার্থীদের জন্য সমানভাবে উন্নত করে তুলতে সাহায্য করবে।"

সিনেটর ব্রায়ান কাভানাঘ বলেন, "গত দুই বছরে সম্ভবত আর কোনো কমিউনিটি চায়নাটাউনের মতো এতো বেশি নেতিবাচক প্রভাবের সম্মুখীন হয়নি, মহামারীর তাণ্ডব চলাকালীন সময়ে বহু দোকানপাট ও রেস্তোরাঁ বন্ধ হয়ে যেতে বাধ্য হয়েছিল। ডাউনটাউন পুনরুজ্জীবিতকরণ উদ্যোগের এসব তহবিল এই কমিউনিটির পুনর্নির্মাণ ও সেরে উঠার প্রচেষ্টাকে জোরদার করবে। বরো প্রেসিডেন্ট গেল ব্রুয়ার এবং আমাদের সহকর্মীদের সাথে এসব তহবিল পাওয়ার আবেদন সমর্থন করায় যোগ দিতে পেরে আমি আনন্দিত হয়েছিলাম, এবং নিউ ইয়র্কবাসীরা যাতে তাদের প্রয়োজনীয় ও প্রাপ্য ত্রাণ পায় তা নিশ্চিত করতে তার অব্যাহত অঙ্গীকারের জন্য আমি গভর্নর ক্যাথি হোকলকে ধন্যবাদ জানাই।"

অ্যাসেম্বলি সদস্য ইউহ-লাইন নিওউ বলেন, "চায়নাটাউন কমিউনিটি ঐতিহাসিকভাবে স্টেটের তরফ থেকে তহবিল পাওয়ার অভাবে এবং চলমান মহামারীর তাণ্ডবের কারণে দীর্ঘদিন ধরে ভোগান্তি পোহাচ্ছে। 20 মিলিয়ন ডলারের এই বিনিয়োগ অর্থনৈতিক পুনরুজ্জীবিতকরণের জন্য আমাদের কমিউনিটির ভিশনকে উজ্জীবিত করবে। নিউ ইয়র্কবাসী হিসেবে আমাদের

পরিচয়ের মজ্জাগত একটি অংশ হলো চায়নাটাউন এবং আমাদের কমিউনিটি প্রায় ক্ষেত্রেই আগে যা পায়নি সেই সম্মান ও স্বীকৃতি দেয়া হচ্ছে দেখে আমি রোমাঞ্চিত। আমি গভর্নর হোকলকে, এই তহবিলের জন্য সমর্থন প্রদান করা অসাধারণ কমিউনিটি সংস্থাগুলোকে, এবং এই মুহূর্তটি সম্ভব করতে আমার সাথে যারা লড়াই করেছেন আমার সেসব নির্বাচিত সহকর্মীদেরকে ধন্যবাদ জানাই।"

নিউ ইয়র্ক সিটির আঞ্চলিক অর্থনৈতিক উন্নয়ন কাউন্সিলের সহ-সভাপতি, ফিশার ব্রাদার্স (Fisher Brothers)-এর অংশীদার উইনস্টন ফিশার, এবং CUNY চ্যান্সেলর ফেলিক্স ভি. মাতোস বলেন, "ডাউনটাউন পুনরুজ্জীবিতকরণ উদ্যোগের পঞ্চম রাউন্ডের মাধ্যমে অধিবাসী ও দর্শনার্থীদের জন্য সমানভাবে চায়নাটাউনের পুনর্জন্মে সহায়তা করতে পেরে NYCREDC গর্বিত। এই তহবিল অর্থনৈতিক বৃদ্ধিকে চালিত করে এবং লোকজনের বসবাস, কাজ ও বিনোদন উপভোগ করতে পারার মতো বিদ্যমান প্রাণবন্ত ডাউনটাউনকে জোরদার করে এমন প্রকল্পগুলোকে উৎসাহিত করবে।"

ম্যানহাটন বরোর প্রেসিডেন্ট গেল এ. ব্রুয়ার বলেন, "গভর্নর হোকলের কল্যাণে, মহামারী চলাকালীন সময়ে সবার আগে ও সবচেয়ে তীব্রভাবে অর্থনৈতিকভাবে ক্ষতিগ্রস্ত হওয়া চায়নাটাউন আমার সমর্থন করা ও জমা দেয়া 20 মিলিয়ন ডলারের একটি তহবিল পাওয়ার সুবাদে এখন আমাদের সিটির অর্থনৈতিক পুনরুদ্ধারের ক্ষেত্রে নেতৃত্বের অবস্থানে থাকবে। চায়নাটাউন একটি সাংস্কৃতিক ও ঐতিহাসিক নোঙ্গর যা শুধু নিউ ইয়র্কে নয় বরং সমগ্র উত্তর-পূর্ব অঞ্চলে চীনা আমেরিকান ও এশীয় আমেরিকান কমিউনিটির বর্তমান ও ভবিষ্যতের জন্য গুরুত্বপূর্ণ। যখন আপনি চায়নাটাউনের কথা বলেন, তখন আপনি নিউ ইয়র্ক সিটিতে থাকা চায়নাটাউনের কথাই বলছেন। এই বরোর ও এই সিটির অর্থনৈতিক পুনরুদ্ধারের জন্য আমার অঙ্গীকার অবিচল থাকবে, হোক সেটা আপটাউনের ক্ষেত্রে কিংবা ডাউনটাউনের জন্য। আমি আজ চায়নাটাউনের ও AAPI কমিউনিটির পাশে দাঁড়ানোর জন্য এবং এই সাংস্কৃতিক ও অর্থনৈতিক রত্নকে পুনরুজ্জীবিত করতে তার প্রচেষ্টার জন্য গভর্নর হোকলের প্রতি কৃতজ্ঞ।"

কাউন্সিল সদস্য মার্গারেট চিন বলেন, "ম্যানহাটান বরোর প্রেসিডেন্ট গেল ব্রুয়ারের অফিস এবং চায়নাটাউনকে পুনরুজ্জীবিত করার কোয়ালিশনের সাথে নিবিড়ভাবে কাজ করে, আমরা একটি সমন্বিত ও স্বপ্নচারী প্রস্তাব জমা দিয়েছি যা চায়নাটাউনে অতি প্রয়োজনীয় বিনিয়োগ বয়ে আনবে। বিশেষ করে কিমলাউ স্কয়ারের উন্নয়নের কাজ করা তিনটি প্রকল্পের একটি আমার অন্তরের খুব কাছের। জুন মাসে, কিমলাউ ওয়ার মেমোরিয়াল (Kimlau War Memorial) চীনা আমেরিকানদের ইতিহাসের সাথে সম্পর্কিত NYC-র প্রথম ল্যান্ডমার্কে পরিণত হয়। চায়নাটাউন ও চীনা-আমেরিকান কমিউনিটি কোভিড-এর কারণে এবং এশীয়-বিরোধী আবেগ বৃদ্ধির ফলে দারুণভাবে ক্ষতিগ্রস্ত হয়েছে। গভর্নর হোকলের নেতৃত্বের অধীনে সম্ভব হওয়া 20 মিলিয়ন ডলারের এই বিনিয়োগ চায়নাটাউনের জন্য একটি নতুন অধ্যায়ের প্রতিনিধিত্ব করে - তিনটি প্রধান প্রকল্প আমাদের ইতিহাসের প্রতি সম্মান বজায় রেখে আমাদের ভবিষ্যতকে গড়ে তুলছে, অধিবাসীদের জন্য শিল্প কর্মসূচিতে বিনিয়োগ করার পাশাপাশি অর্থনৈতিক ইঞ্জিনকে দ্রুত সচল করছে, এবং উন্মুক্ত স্থান ও পথচারীদের নিরাপত্তার বিষয়টি পুনরায় ভাবনায় নিয়ে জীবনযাত্রার মান উন্নত করছে।"

থিঙ্ক!চায়নাটাউন (Think!Chinatown) এর বোর্ড প্রেসিডেন্ট অ্যামি চিন বলেন "চায়নাটাউন AAPI কমিউনিটিগুলোর জন্য একটি সাংস্কৃতিক ও অর্থনৈতিক সম্পদ এবং এই মহামারী থেকে সেরে উঠে আগের চেয়ে আরো শক্তিশালী হয়ে ফিরে আসতে চায়নাটাউনকে সাহায্য করার জন্য আমাদের সম্ভাব্য সবকিছু করতে হবে। চায়নাটাউনের পুনরুজ্জীবিতকরণের উদ্দেশ্যে এই বৃহৎ বিনিয়োগের জন্য এবং আমাদের কমিউনিটিকে সহায়তা করার ক্ষেত্রে আপনার নেতৃত্বের জন্য গভর্নর হোকলকে ধন্যবাদ। আমি একটি বৈশ্বিক গন্তব্য হিসেবে চায়নাটাউনকে একটি নতুন উচ্চতায় নিয়ে যাওয়ার উদ্দেশ্যে গভর্নরের সাথে এবং স্থানীয় নেতৃবৃন্দের সাথে মিলে কাজ করার প্রত্যাশা রাখি। চায়নাটাউন নিউ ইয়র্ক স্টেটের একটি রত্ন এবং এটি এখানেই থাকবে!"

চাইনিজ আমেরিকান প্ল্যানিং কাউন্সিল (Chinese American Planning Council)-এর প্রেসিডেন্ট ওয়েইন হো বলেন, "এই পুনরুজ্জীবিতকরণের মধ্য দিয়ে AAPI কমিউনিটিগুলোর উন্নতির জন্য সরকারের নেতৃবৃন্দ ও কমিউনিটি সংস্থাগুলোর একসঙ্গে এগিয়ে আসাটা বহু বছর ধরে চলে আসা অবিচার কাটিয়ে উঠার লক্ষ্যে এগিয়ে যাওয়ার ক্ষেত্রে একটি অসাধারণ পদক্ষেপ। আমরা আজকের ঘোষণার জন্য গভর্নর হোকলকে সাধুবাদ জানাই এবং এগুলো চায়নাটাউনে যে ফলাফল বয়ে আনবে তার প্রতীক্ষা করছি।"

এশিয়ান আমেরিকান ফেডারেশন (Asian American Federation)-এর এক্সিকিউটিভ ডিরেক্টর জো-অ্যান ইউ বলেন, "এশীয় আমেরিকান নিউ ইয়র্কবাসীরা নিরাপদ বোধ করার এবং তাদের প্রতিনিধিত্ব করার জন্য নির্বাচিত লোকজনের কাছ থেকে সহায়তা পাওয়ার অধিকারী। আজকের ঘোষণার মধ্য দিয়ে, গভর্নর হোকল সেই নিরাপত্তা ও সহায়তাকে চায়নাটাউনে নিয়ে আসার লক্ষ্যে পদক্ষেপ গ্রহণ করছেন। এই পুনরুজ্জীবিতকরণ দর্শনার্থীদেরকে চায়নাটাউনের সৌন্দর্য দেখানো এবং এটিকে সমৃদ্ধ করার ক্ষেত্রে একটি সুদূর প্রসারী ভূমিকা রাখবে।"

CCBA-এর প্রেসিডেন্ট জাস্টিন ইউ বলেন, "অনেক দীর্ঘ সময় ধরে চায়নাটাউন এবং নিউ ইয়র্কের অর্থনীতিতে এর প্রভাব উপেক্ষিতই থেকে গেছে। অবশেষে, এই সাংস্কৃতিক হাবটির আমাদের সরকারের তরফ থেকে প্রাপ্য মনোযোগ ও সহায়তা পাওয়া নিশ্চিত করায় গভর্নর হোকলকে ধন্যবাদ। এসব কিছু এই কমিউনিটিতে যে ফলাফল বয়ে আনবে আমরা তার প্রতীক্ষায় রয়েছি।"

AAFE-এর এক্সিকিউটিভ ডিরেক্টর থমাস ইউ বলেন, "মহামারী চলাকালীন সময়ে চায়নাটাউন কমিউনিটি যে কষ্টকর সময় পার করেছে তার স্বীকৃতি দেয়ায়, এবং বিশ্বব্যাপী এটি যে ব্যতিক্রমী সাংস্কৃতিক অভিজ্ঞতার জন্য পরিচিত তা ফিরিয়ে আনার ক্ষেত্রে এটির দারুণ সম্ভাবনার স্বীকৃত দেয়ায় আমি গভর্নর হোকলের প্রশংসা করি। এই গুরুত্বপূর্ণ তহবিলের মাধ্যমে এখানকার ব্যবসা প্রতিষ্ঠান ও পরিবারগুলো পুনরায় বেড়ে উঠার এক অনন্য সুযোগ লাভ করবে।"

চায়নাটাউন এখন DRI অনুদানের 20 মিলিয়ন ডলার থেকে 400,000 ডলার পর্যন্ত পরিকল্পনা তহবিলে বরাদ্দ করে এটির ডাউনটাউনকে পুনরুজ্জীবিত করার একটি কৌশলগত বিনিয়োগ

পরিকল্পনা প্রণয়নের প্রক্রিয়া শুরু করবে। মিউনিসিপ্যাল প্রতিনিধি, কমিউনিটির নেতৃবৃন্দ, ও অন্যান্য স্টেকহোল্ডারদের নিয়ে গঠিত একটি স্থানীয় পরিকল্পনা কমিটি বেসরকারি খাতের একদল বিশেষজ্ঞ ও স্টেট পর্যায়ের পরিকল্পনাকারীদের সহায়তা নিয়ে এই প্রচেষ্টায় নেতৃত্ব দিবে। চায়নাটাউনের কৌশলগত বিনিয়োগ পরিকল্পনায় স্থানীয় সম্পদ ও সুযোগগুলো পরীক্ষা করা হবে এবং ডাউনটাউনকে পুনরুজ্জীবিত করার কমিউনিটির ভিশনের সাথে সঙ্গতিপূর্ণ এবং বাস্তবায়ন উপযোগী অর্থনৈতিক উন্নয়ন, পরিবহন, আবাসন, ও কমিউনিটি প্রকল্পগুলো শনাক্ত করবে। ডাউনটাউন চায়নাটাউনের কৌশলগত বিনিয়োগ পরিকল্পনা ডাউনটাউনের জন্য কমিউনিটির ভিশনকে সামনে এগিয়ে নিবে এবং স্টেটের তরফ থেকে দেয়া এই 20 মিলিয়ন ডলারের বিনিয়োগ কাজে লাগাতে ও সম্প্রসারণ করতে পারবে এমন পুনরুজ্জীবিতকরণ প্রকল্পগুলোতে DRI অনুদানের অর্থ বিনিয়োগের ক্ষেত্রে দিকনির্দেশনা প্রদান করবে। DRI-এর পঞ্চম রাউন্ডের পরিকল্পনাগুলো 2022 সালে সম্পন্ন হবে।

ডাউনটাউন পুনরুজ্জীবিতকরণ উদ্যোগ সম্পর্কে

ডাউনটাউন পুনরুজ্জীবিতকরণ উদ্যোগটি বিনিয়োগের ক্রিয়াকলাপ ও অনুঘটক হিসেবে ভূমিকা রাখার জন্য স্টেটের দশটি অঞ্চলের সবকটির ডাউনটাউন ও অঞ্চলকে পুনরুজ্জীবিত করার প্রক্রিয়া ত্বরাণিত ও সম্প্রসারিত করার উদ্দেশ্য নিয়ে 2016 সালে চালু করা হয়েছিল। এই উদ্যোগ একটি নজিরবিহীন ও অভিনব পদক্ষেপ-গ্রহণের-পরিকল্পনা কৌশলের প্রতিনিধিত্ব করে যা কৌশলগত পরিকল্পনার সাথে তাৎক্ষণিক বাস্তবায়নের সংযোগ স্থাপন করেছে।

এই কর্মসূচির প্রথম চার বছরে, স্টেট পুনরুজ্জীবিতকরণের জন্য উপযুক্ত অবস্থায় রয়েছে এবং পুনঃউন্নয়ন, ব্যবসা, কর্মসংস্থান তৈরি, বৃহত্তর অর্থনৈতিক ও আবাসন সংক্রান্ত বৈচিত্র্য, ও সুযোগ-সুবিধাকে আকৃষ্টকারীতে পরিণত হওয়ার সম্ভাবনা রয়েছে এমন ডাউনটাউনগুলোতে 400 মিলিয়ন ডলার বিনিয়োগ করতে অঙ্গীকারাবদ্ধ হয়েছে। DRI এর পঞ্চম রাউন্ডে অতিরিক্ত 200 মিলিয়ন মার্কিন ডলারের প্রতিশ্রুতি থাকবে। ডাউনটাউনের যোগ্যতা ও রূপান্তরণের ভিত্তিতে অংশগ্রহণকারী কমিউনিটিগুলিকে স্টেটের 10 আঞ্চলিক অর্থনৈতিক উন্নয়ন কাউন্সিল মনোনীত করেছে। প্রতিটি কমিউনিটিকে একটি ডাউনটাউন কৌশলগত বিনিয়োগ পরিকল্পনা প্রণয়ন এবং পুনরুজ্জীবিতকরণের কমিউনিটির ভিশনকে সামনে এগিয়ে নিবে এবং আরো বেশি বেসরকারি ও সরকারি বিনিয়োগকে কাজে লাগাবে এমন গুরুত্বপূর্ণ অনুঘটক প্রকল্পগুলো বাস্তবায়নের জন্য কমপক্ষে 10 মিলিয়ন ডলার অনুদান প্রদান করা হয়েছে।

ডাউনটাউনের পুনঃউন্নয়ন অটোমোবাইলের ব্যবহার ও গ্রিনহাউজ গ্যাস নির্গমন উল্লেখযোগ্য মাত্রায় কমিয়ে দেয় এমন হাঁটার মাধ্যমে, বাইক চালিয়ে ও ট্রানজিটের মাধ্যমে অ্যাক্সেসযোগ্য কমিউনিটিগুলো তৈরি করার মাধ্যমে জলবায়ু পরিবর্তনের বিরূপ প্রভাব কাটিয়ে উঠা এবং জলবায়ু ন্যায়বিচারের প্রসার ঘটানোর জন্য স্টেটের জাতীয়-নেতৃত্বমূলক প্রচেষ্টায় একটি অতি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। এছাড়াও DRI ঘরের বাইরে চিত্তবিনোদনের ও ব্যায়াম করার আরো বেশি সুযোগ তৈরি করা; সামাজিক মিথষ্ক্রিয়ার জন্য মানসিক স্বাস্থ্যের উন্নতি করবে এমন নিরাপদ, অ্যাক্সেসযোগ্য পাবলিক স্পেস প্রদান করা; এবং বিশেষ করে সুবিধাবঞ্চিত কমিউনিটিগুলোতে তাজা, পুষ্টিকর খাবারের অ্যাক্সেস সম্প্রসারণ করার মাধ্যমে, স্টেটের সব

নীতিতে স্বাস্থ্য (Health Across All Policies)/বয়স-বান্ধব NY (Age-Friendly NY) উদ্যোগকে সহায়তা করবে।

এই উদ্যোগের নেতৃত্বে নিউ ইয়র্কের সেক্রেটারি অফ স্টেট রসানা রোসাদো রয়েছেন। সম্প্রদায়গুলি এম্পায়ার স্টেট ডেভলপমেন্ট ও স্টেট হোমস এবং কমিউনিটি রিনিউলের সাথে ঘনিষ্ঠ অংশীদারিতে স্টেটের নেতৃত্বে বেসরকারী খাত বিশেষজ্ঞ এবং স্টেট এজেন্সি কর্মীদের সমর্থন রয়েছে।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন